PRICE Rs. 5/-

শিশুভবন পত্রিকা

নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের মুখপত্র

AN ORGAN OF NEHRU CHILDREN'S MUSEUM

SISHUBHAVAN PATRIKA

খন্ড - ৪৪ ঃ সংখ্যা - ৩ মার্চ ২০১৯ *visit our website : www.nehrumuseum.org* **Vol- 44 : No - 3 March 2019**

# নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামে বসন্ত উৎসব

ওরে ভাই ফাগুন লেগেছে বনে বনে - বনে নয় আগুন লেগেছিল **নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের সভাকক্ষে।** তার যে আগুন ফুলে ফলে পাতায় পাতায় নয়, শিল্পীর গলায়, তবলা বাদকের তালে আর নৃত্যশিল্পীর পায়ের ছন্দে।

অনেক বছর পর দোলের বিকাল থেকে সন্ধ্যা পর্যন্ত আবীরে, গানে, নাচে এবং আবৃত্তিতে রাঙা হয়ে রইল মিউজিয়ামের প্রশস্ত প্রাঙ্গণে। অতিথিরা সবাই মিউজিয়ামের শ্রদ্ধেয় বিচারকমণ্ডলী, আর গৃহকর্তা হিসাবে উপস্থিত ছিলেন মিউজিয়ামের কর্মসমিতির সদস্যরা। সকলকে অবাক করে আবৃত্তি শিল্পী পরিবেশন করলেন গান আর সঙ্গীত শিল্পী নেমে পড়লেন নাচের আঙিনায়। সবাই এত বিহ্বল হয়ে পড়েছিলেন যে কখন যে তিন ঘণ্টা পেরিয়ে গেছে কেউই বুঝতে পারেন নি। রবীন্দ্রসঙ্গীত, নজরুলগীতি থেকে লোকগীতি বা আধুনিক গান - কিছুই বাদ যায়নি। সমগ্র অনুষ্ঠানটি এক অন্যান্ন মাত্রা দেয়।











## THANK YOU DONORS FOR HELPING HANDICAPPED CHILDREN

Our sincere thanks to donors for their cooperation and support which has made it possible for to provide scholarships to handicapped children for continuing their academic/vocational training.

| | |
|---|---|
| *Ajoy Banik (Baisaki Banik fund)* | Abhishek Ghosh |
| *Arpita Nandi* | Sadhana Mondal |
| | Biswajit Halder |
| | Keya Das |
| | Purba Sikari |
| *Anandilal Poddar Charitable Trust* | Sathi Pal |
| | Raju Nandy |
| | Rachita Debnath |
| | Asfaq Hussain |
| | Gargi Pal |
| | Trisha Dutta |
| | Arindam Barman |
| | Raunak Halder |
| | Niladri Das |
| | Ujjayini Karmakar |
| *Aloka Banerjee* | Sounak Basak |
| *Abha Bajpai* | Somnath Mahato |
| | Malay Patra |
| | Asit Das |
| | Asfaqe Hossain |
| | Dipayan Seth |
| | Rounak Halder |
| | Shreya Pandey |
| | Sikha Biswas |
| | Safrina Parvin |
| | Md. Sehenawarz |
| *Biplab Bhattacharya* | Krishnakanta Bera |
| | Sumit Das |
| | Anisha Khatun |
| | Safiur Rahaman |
| | Rahul Naskar |
| *Banshi Binode Bandopadhyay* | Chiranjit Malik |
| | Ujjaini Karmakar |
| | Abhijit Karmakar |
| *Col. S. Chakraborty* | Payel Mondal |
| *Debojyoti Dutta* | Deep Sikdar |
| *Debarati Das* | Sima Das |
| *Dhrubojyoti Sengupta* | Asif Nasif |
| *Dr. Jayanta Kr. Barua* | Sima Das |
| *Dr. Kalpana Mondal* | Deb Purkait |
| | Avishek Ghosh |
| | Pratik Paul |
| | Ankit Sharma |
| *Dr. Sudeshna Bhar (Kundu)* | Lakshmi Nandy |
| | Bipasha Pan |
| | Isha Halder |
| | Mousumi Das |
| *Dr. Susmita Banerjee* | Sumaiya Yasmin |
| | Madhumita Chowdhury |
| | Shraboni Pal |
| | Sharmistha Ghorui |
| | Saikat Ghosh |
| *Dr. Rajarshi Roy* | Jahir Mistri |
| *Ekta Trust* | Payel Mondal |
| | Avinash Mondal |

| | |
|---|---|
| | Sifa Ikbal |
| | Imran Sk. |
| | Darasksha Sarfuddin |
| | Md. Safan Alam |
| | Rupam Debnath |
| | Bikram Karan |
| | Suman Sardar |
| *Education & Health Care Foundation* | Surojit Mondal |
| | Siba Ghosh |
| | Megha Khan |
| | Isha Halder |
| | Sayan Bhowmick |
| | Tarit Pariwal |
| | Arindam Das |
| *Geeti Dasgupta* | Sonia Das |
| *Gayatri Ganguly* | Md. Faisal |
| | Sampad Basak |
| *Golf Residency Ladies Club* | Deeptosh Sen |
| *Guardians of Nehru Children's Museum* | Tannazzoh Jeelani |
| | Arindam Das |
| | Priya Chowdhury |
| | Isha Halder |
| | Priti Sarkar |
| | Pupun Chakraborty |
| | Shreya Pandey |
| | Sanjeeda Parvin |
| | Mousumi Das |
| | Avisekh Ghosh |
| | Srestha Paul |
| | Sudipta Kundu |
| | Supriya Das |
| | Manas Debnath |
| | Puja Das |
| | Jayeeta Tarafdar |
| | Kinkar Sarkar |
| | Sima Das |
| | Prateek Paul |
| | Mritunjoy Singh |
| | Samit Das |
| | Krishnakanta Bera |
| | Asish Dey |
| | Asif Nasir |
| | Kunal Dey |
| | Riya Ghosh |
| | Ayesha Ali |
| | Prakash Chakraborty |
| | Ankit Bhagat |
| | Asish Shaw |
| | Sanchita Chakraborty |
| | Sanjib Pailan |
| | Som Mahato |
| | Asit Das |
| | Daipayan Seth |
| | Bushra Basir |
| | Krishna Patra |
| *Himangshu Kumar Shah* | Suhani Mullick |
| | Nita Mondal |

## THANK YOU DONORS FOR HELPING HANDICAPPED CHILDREN

| | |
|---|---|
| | Sushmita Bhangar |
| *Krishna Devi Jalan Charitable* | Priyangshu Hansda |
| *Trust* | Animesh Chowdhury |
| *Kamal Kumar Das* | Tulika Dey |
| in Memory of *Sairee Das* | Ruhina Khatoon |
| | Sujoy & Sujit Nayak |
| *Lohia Charitable Trust* | Tanuja Kumari |
| *Mujtaba Husain* | Sourav Chakraborty |
| *Momtaj Rauf* | Sadhana Mondal |
| | Deep Das |
| *M. L. Chakraborty* | Aniket Sharma |
| | Pallab Tanti |
| *Madhusmita Bhattacharjee* | Jhumpa Mahato |
| | Sukanya Rajbanshi |
| *Mriganko Kumar Roy* | Asish Bose |
| *(M.N.Consultants Pvt. Ltd.)* | Tanazzoh Zilani |
| *Mohit Kr. Ghosh Memorial* | Jayanta Tarafder |
| *Public Charitable Trust* | Sifa Iqbal |
| | Rupan Debnath |
| | Sounak Basak |
| | Riju Hazra |
| | Deba Debnath |
| | Suman Sardar |
| | Bikram Karar |
| | Md. Safan Alam |
| | Somnath Mondal |
| | Payel Mondal |
| | Suman Das |
| *Md. Karim Boksh* | Rittika Sarkar |
| | Khokon Dutta |
| | Tanbir Hossain Safui |
| *Nilmoni Gangopadhyay* | Deb Purkait |
| in memory of | |
| *Ganesh Chandra Gangopadhyay* | |
| *Nupur Mukherjee* | Lakshmi Nandi |
| *Paramita Chaudhury* | Ratul Basak |
| *Regent Estate Ladies Club* | Sayan Goswami |
| *Rupa Manjari* | Sangram Guha |
| *Rajesh Verma* | Tapashi Mondal |
| *Rupam Banerjee* | Kausik Ghosh |
| | Souvik Som |
| | Md. Danis |
| *Rumeli Patra* | Tapas Kr. Mukherjee |
| *Srabonee Mitra* | Sayan Bhowmick |
| | Rituparna Ghosh |
| *Srinivas Rao* | Saikat Ghosh |
| | Arijit Kanjilal |
| | Mongal Das |
| | Sraboni Pal |
| | Sarmistha Gharai |
| *Swapna Mallick Janakalyan Trust* | Subir Sarkar |
| *Smt. Pushpa Jain Trust* | Jahir Mistri |
| | Biswajit Halder |
| | Sraboni Pramanik |
| | Nupur Chakraborty |
| | Priyanka Samaddar |
| *S. S. Mukherji* | Tarit Pariwal |
| | Avijit Das |

| | |
|---|---|
| | Krishna Kanta Bera |
| | Srestha Pal |
| | Lipika Mondal |
| | Shalini Shaw |
| | Rajat Desai |
| | Tamal Pramanik |
| | Rohini Roychowdhury |
| | Pratik Pal |
| | Dipankar Halder |
| | Rakesh Kr. Shaw |
| | Samrun Khatoon |
| | Palash Sardar |
| | Md. Danish |
| | Snigdha Pan |
| | Krihanu Patra |
| | Md. Faizal |
| | Sumaiya Yasmin |
| | Souvik Saha |
| | Md. Sakil |
| | Zaved Pailan |
| *Siraj Haque* | Arijit Debnath |
| | Sahid Raja |
| | Rohit Mahato |
| | Rupam Chakraborty |
| *Sirsha Gupta* | Rohit Sadhukhan |
| *Sudipta Biswas* | Aniket Bhagat |
| | Dipannita Das |
| | Subham Nandi |
| | Shritu Mondal |
| | Medha Dutta |
| *Saktigarh & Associates* | Sujan Paik |
| | Nayan Paul |
| *Sadhan Bagchi* | Tithi Saha |
| | Krishanu Patra |
| *Santanu Chakravarty* | Rizu Hazra |
| | Sangram Guha |
| | Pallab Tanti |
| *Soumyendu Dasgupta* | Tanuja Kumari |
| *Siddhartha Ranjan Deb* | Rima Hossain |
| | Bikram Karar |
| *Salarpuria Public Ch. Trust* | Sonia Das |
| *T. S. Bakthavatsalam* | Anisha Ray |
| | Sayan Bhowmick |
| | Srestha Pal |
| | Najmin Khatun |
| | Amrit Das |
| | Lipika Mondal |
| | Shalini Shaw |
| | Subhojit Roy |
| | Sudipta Kundu |
| *Tushar Kanti Dutta* | Deba Debnath |
| | Jhumpa Mahato |
| *Tanmoy Sen* | Gargi Paul |
| | Madhumita Chowdhury |
| | Sarmistha Gharami |
| | Sraboni Pal |
| *T. Madhusudan Rao* | Pritam Paul |
| *Uma Chandra* | Ankit Sharma |
| in memory of *Master Mainak Dutta* | |

# মিউজিয়ামে বসন্ত উৎসব


















# আফ্রিকান সাফারি - ২



সিরিঙ্গিটির জঙ্গলে সিংহ



আকাসিয়া গাছের ছায়ায় একটি সিংহের পরিবার

বিগ ফাইভ অর্থাৎ পাঁচটি সব থেকে বড় পশুদের কথা বলা হয়েছে। তবে এখানে বিগ বা বড়োর অর্থ বিশালাকায় নয় , এখানে বিগ ফাইভ বলতে উল্লেখ করা হয়েছে সেই পাঁচটি প্রাণীর যারা সব থেকে হিংস্র , প্রাণঘাতক ও রয়েছে খাদ্য-শৃঙ্খলের শিখড়ে এবং এদের শিকার করা ততটাই কঠিন । এই পাঁচটি পশু হল , আফ্রিকার সিংহ, লেপার্ড , হাতি , মহিষ বা কেপ বাফেলো ও রাইনোসেরাস । এদের মধ্যে সব থেকে জনপ্রিয় পশুটি হল সিংহ । সিরিঙ্গিটির জঙ্গলে রয়েছে বেশ কিছু গুহা । প্রাকৃতিক কারণেই এই গুহাগুলির সৃষ্টি । আগ্নেয় শিলার তৈরি গুহাগুলিতে সিংহের বসবাস । গুহাগুলি বেশ বড় । আয়োতনে ছোটোখাটো একটি ফুটবল মাঠ ও উচ্চতায় দই-তিন তলা বাড়ির সমান । সিংহের একটি পরিবারে থাকে দুই থেকে তিনজন পুরুষ সিংহ এবং স্ত্রীসিংহ ও সিংহশাবক সহ মোট ১২ জন সদস্য । সিংহীরা শিকারে বেরোয় । সিংহীর উপর থাকে তাদের সংসারের সদস্যদের ভরণপোষণের দায়িত্ব । আর



রঙ্গো ক্যাম্প



আমাদের তাঁবু, সিম্বা



রঙ্গো ক্যাম্পের ডিনার রুম

পুরুষ সিংহেরা রক্ষা করে তাদের সাম্রাজ্য । রক্ষা করে তার সংসারের অন্যান্য সদস্যদের বিপদের হাত থেকে । সিরিঙ্গিটির জঙ্গলে সমস্ত পশুদেরই একটা নিজেস্য সাম্রাজ্য আছে , নিজেস্য এলাকা । এবং সাধারণত তারা নিজেদের সাম্রাজ্যতেই বিচরণ করে, দলবদ্ধভাবে । যেমন সিংহ, জিরাফ, রাইনোসেরাস, লেপার্ড, চিতা ইত্যাদি । কিন্তু কিছু পশু আবার অন্যদের সাথে মিলেমিশে থাকতেই পছন্দ করে । যেমন জেবরা ও মহিষের দল একই সাথে বসবাস করে । গ্যাজেল, ইমপালা, হার্টবিস্ট, হোয়াতহগ, তোপি সকলেই একই অন্চলের বাসিন্দা । কোন পশুর কি ঠিকানা, দিনের কোন সময় তাদের ঠিক কোন অন্চলে পাওয়া যাবে এ ব্যাপারে সমূহ ধারণা ছিল স্ট্যানলের । এবং আমরা আশ্চর্য হয়েছিলাম তার তীক্ষ্ণ দৃষ্টিশক্তি ও কোনো পশুর অবস্থান নির্দেশ করার ক্ষমতা দেখে । পাতার নড়াচড়া দেখে , সাবানার লম্বা লম্বা ঘাসের দোলুনি দেখে , বা আমাদের অজানা আরো কোন সংকেতে বুঝে যেতেন কোথায় কখন কী প্রাণী থাকতে পারে আর হঠাৎই বলে উঠতেন ‘সি দেয়ার, ক্যান ইয়ু সি এনিথিং‘ । আর আমরাও তৎক্ষণাৎ বাইনোকুলার বের করে ফেলতাম । তবে বেশির ভাগ পশুই থাকত দলবদ্ধ ভাবে এবং বেশ কাছে । ফলে বাইনোকুলারের সব সময় প্রয়োজন হত না। গাড়ি চলতে চলতে অনায়াসেই দেখা যেত তাদের । এক সাথে অসংখ্য জেবরা , একসাথে অসংখ্য মহিষ , অগুন্তি হাতি ও গ্যাজেল। সে এক অভূতপূর্ব রোমা’কর দৃশ্য । সে দেখার অনুভূতি কখনোই ভাষায় প্রকাশ করা সম্ভব না । সাফারির গাড়ির ছাদটি একটি লিভারের (lever) সাহায্যে এক-দেড় ফুট উত্তোলন করা যায় । এবং স্ট্যানলে আমাদের গাড়ির ছাদটি উত্তোলন করে আমাদের দেখার সুন্দর ব্যাবস্থা করে দিলেন । সাফারির গাড়ি এমনই হয় । গাড়ির ভিতর থেকে বাইনোকুলারের সাহায্যে দিব্য পশুদের দেখা যায় ।

সিংহ তার সাম্রাজ্য থেকে বেরোয় একমাত্র শিকারের কারণে । সিংহের শিকারের বস্তু মূলত গ্যাজেল , ইমপালা , হোয়াথহগ , জেব্রা, টোপি , হস্তীশাবক ইত্যাদি সকল ধরণের ছোট পশু , এমন কি জিরাফ ও । জিরাফ যখন জল পান করার সময় কোন জলাসয়ের ধারে তার লম্বা গলা নীচু করে তখন আশেপাশের কিছুই তার নজরে আসে না । ঠিক সেই সময় সুযোগ বুঝে পিছন থেকে সিংহ এসে দেয় জিরাফের ঘাড় মোটকে । আর শিকারে জিরাফ জুটলে তো কথাই নেই । সিংহের পুরো পরিবারের জন্য একটা জিরাফ যথেষ্ট । মোটামুটি ২৫ কেজি মাংস একটা পূর্ণ-বয়স্ক সিংহের চার দিনের খাবার । এক দিনেই এই পরিমান মাংস খেলে সে আর চার দিন শিকারে বেরোয় না । তবে সিংহের সব থেকে পছন্দের খাবার গ্যাজেলের মাংস ।

সারা বিশ্বে সিংহের সংখ্যা সব থেকে বেশি সিরিঙ্গিটির জঙ্গলে - প্রায় ৩০০০ । সিংহ আমরা অনেকবারই দেখেছি । কখনো গুহার আশেপাশে , কখনো গুহা থেকে মুখ বের করে রয়েছে , কখনো আবার আকাসিয়া গাছের শীতল ছায়ায় স্বপরিবারে নিদ্রায় মগ্ন । কিন্তু যে মূহুর্তটি ভোলার নয় সেটি হল যখন একটি সিংহ নেমে আসে আমাদের গাড়ির চলার পথে । ভাল করে দেখার সুযোগ করে দিতে স্ট্যানলে দিল গাড়িটি থামিয়ে । অথচ গাড়ির ভিতরে ভয়ে আমারা বাকরুদ্ধ । আমরা গাড়ির কাঁচের মধ্যে দিয়ে সিংহের দিকে তাকিয়ে আর সিংহ আমাদের দিকে । কিন্তু ওই ক-এক মুহূর্ত । তারপর সিংহটি আমাদের দিকে বেশ ক’একবার দৃষ্টি নিক্ষেপ করে মন্থর গতিতে হাঁটতে হাঁটতে নিজের পথে অগ্রসর হল । সিংহের এই আচরণে ও আরো সকল পশুদের ব্যাবহারে আমার দৃঢ বিশ্বাস যে পশুরা আদতে সত্যিই নিড়িহ । তারা আক্রমণ করে কেবল মাত্র আত্মরক্ষার কারণে ।

বেলা প্রায় শেষের দিকে । সূর্যের আলো তার ঔজ্জ্বলতা হারিয়ে লালচে রঙ ধরেছে । এবার ক্যাম্পের দিকে ফেরার পালা । সাড়ে পাঁচটার মধ্যে ফিরতেই হবে - ক্যাম্পের নির্দেশিকা । ক্যাম্পটির নাম ‘রঙ্গো ক্যাম্প‘ । ক্যাম্পের সামনে গাড়ি থামতেই আমাদের অভ্যর্থনা জানাতে এগিয়ে এলেন ক্যাম্প কর্তৃপক্ষের চারজন সদস্য। একজনের হাতে একটি ট্রে-র মধ্যে উষ্ণ গরম জলে সিক্ত আমাদের পাঁচ জনের জন্য পাঁচটি টাওয়েল । সেই টাওয়েলে মুখ ও হাত পরিষ্কার করার পর অন্যজন আমাদের হাতে তুলে দিলেন ‘ওয়েলকাম ড্রিনকস‘ । ছোট কাঁচের গ্লাসে জবা ফুলের রস । সেই মূহূর্তে সেই পানীয়টি আমাদের কাছে অমৃত সমান । অন্য দুজন আমাদের মালপত্র নিয়ে আমাদের পথ দেখিয়ে নিয়ে গেলেন তাঁবুর দিকে । ক্যাম্পটি বেশ খানিকটা অন্চল জুড়ে । এবং ক্যাম্পের ক্ষেত্র বরাবর রয়েছে ২৫টি তাঁবু ও বেশ বড় একটি ডাইনিং রুম । তাঁবুগুলি বিভিন্ন নামে চিহ্নিত । যেমন ডিউমা , ফারু , বোগো , ছুই, টেম্বো , টাই , বাটা ইত্যাদি । সোয়াহিলি ভাষায় ডিউমার অর্থ চিতা , ফারুর অর্থ রাইনোসেরাস , বোগো হল মহিষ , ছুই হল লেপার্ড , টেম্বোর অর্থ হাতি , টাই হল শকুন , বাটার অর্থ হাঁস । আমরা ছিলাম সিম্বা নামক তাঁবুতে যার অর্থ সিংহ । একেকটি তাঁবু ১৫ ফুট লম্বা ও ১০ ফুট চওড়া । তাঁবুর প্রবেশ পথটি সম্পূর্ণ চেন দিয়ে আটকানো । ভিতরে একটিই ঘর । তাতে আছে কাঠের তৈরী খাট , বেতের তৈরী দুটি বসার কেদারা , একটি টেবিল ও একটি ছোট আলমারী । ঘরের পিছন দিকে টয়লেট, পৃথক একটি ঘরে বেসিন ও আরেকটি ঘরে স্নানের জন্য ছোট একটি সিঙ্ক ও সাওয়ার । বিদ্যুতের উৎস সৌরশক্তি ও জেনেরেটোর । তাঁবুর ভিতর অপ্রত্যাশিত এই ব্যাবস্থাপনায় আমরা স্তম্ভিত । ক্যাম্পের নিয়ম ছিল সন্ধে সাড়ে সাতটায় ডিনার সেরে আটটার মধ্যে সিকিওরিটি যিনি একজন মাসাই ছিলেন , তিনি সকল অতিথিদের একটি মস্ত বড় টর্চরে সাহায্যে যার যার তাঁবুতে পৌছে দিতেন । ভোরের আলো না ফোটা পর্যন্ত বেরোন নিষেধ ছিল । মহিষের হাম্বা বা পাখির কিচিড় মিচিড়েই ঘুম ভাঙত । কিন্তু ভয়ের ব্যাপারটি হল এই, যে পশুরা রাতের বেলা এই ক্যাম্প ক্ষেত্রে ঢুকে পড়ত ও সারা রাত মনের সুখে তাঁবুর আশেপাশে বিচরণ করত । এমন কি তাঁবুর উপর আঁচড়ও দিত তারা । (ক্রমশ)

শিল্পী সরকার গুপ্ত

***Happy Birthday To Our Little Friends ....... April 2019***

| | | | |
|---|---|---|---|
| Rishika Mondal | 01 | Gohin Manna | 21 |
| Sania Pachal | 03 | Anisha Mandal | 22 |
| Arisha Raza | 03 | Ranjaboti Saha | 22 |
| Tannistha Chakraborty | 06 | Aparajita Jana | 23 |
| Rashi Saha | 11 | Shreejayee Chowdhury | 24 |
| Sukanya Das | 12 | Soumili Majumdar | 25 |
| Shayari Mazumdar | 12 | Ratul Bose | 26 |
| Oishi Das | 15 | Nilay Kanti Sardar | 28 |
| Vashnavi Mehra | 18 | Abhinanda Das | 30 |

## Thank You Donors

Banshi Binode Bandopadhyay
Dhrubojyoti Sengupta
Handyman Interior
Kamal Kr. Das
Mohit Kr. Ghosh Memorial Public Charitable Trust
Mita Roy
Rumeli Patra
Rupam Banerjee
Sunil Kr. Dhar

***It is with the help & cooperation from esteemed persons & oganisations that we are in a position to run our projects effectively for the last 45 years.***



মেট্রোরেল কলকাতার বেলগাছিয়া অডিটোরিয়ামে হিন্দী আঞ্চলিক নাটক প্রতিযোগিতা আয়োজিত করা হয়। মেট্রোরেল এর জেনারেল ম্যানেজার শ্রী বিজয় বার্গিয়ে প্রদীপ জ্বালিয়ে উদ্বোধন করেন। তিনি বলেন যে রাষ্ট্রা ভাষাকে আরো বেশি করে ব্যবহার করার জন্য এইরকম প্রতিযোগিতা করা বিশেষ প্রয়োজন।

এই প্রতিযোগিতায় তিনটে নাটক উপস্থাপিত হয়েছিল। **"জিন্দেগী কি ধূপ ছাঁও", "ও শাম"** এবং **"শহীদ কি মা"**। বিচারকমণ্ডলী "শহীদ কি মা" নাটক-টি সর্বশ্রেষ্ঠ নাটক বলে ঘোষনা করেন।

**ভূসায়লে আয়োজিত অখিল রেল নাট্যোৎসবে "শহীদ কি মা" নাটকটিতে অংশ গ্রহণকারী অদ্রিজা বন্দ্যোপাধ্যায়-কে সর্বশ্রেষ্ঠ শিশু শিল্পী হিসাবে পুরস্কৃত করা হয়েছিল।**

## Forthcoming Programmes

| | | | |
|---|---|---|---|
| **46th Sit & Draw Art Contest**<br>Organised by : Nehru Children's Museum | 27th April | Saturday | 16/3, Gariahat Road<br>Kolkata |
| | 1st May | Wednesday | Nehru Children's Museum |
| **Expressions'19 Art Exhibition**<br>Presented by - Students of Painting Dept.<br>Organised by - Nehru Children's Museum | 23rd April to<br>28th April | Tuesday to<br>Sunday | Academy of Fine Arts<br>Central Gallery, Kolkata |
| **Judging of 46th Sit & Draw Art Contest**<br>Organised by - Nehru Children's Museum | 2nd May | Thursday<br>5.00 p.m. | Museum Auditorium |
| **Rabindra Janmo Utsav**<br>Organised by - Nehru Children's Museum<br>In association with Tagore Foundation | 9th May<br>11th May & | Thursday to<br>Saturday<br>5-7 p.m. | Museum Auditorium |
| | 12th May | Sunday 10-12 noon<br>4.30-6.30 pm. | |
| **Summer Workshop** for the Children in the stream of Painting, Dance, Songs & Drama conducted by renowned Artists in the field of Creative Art & Performing Art | 14, 15, 16, 17<br>May<br>21, 22, 23, 24<br>28, 29, 30<br>& 31st May<br>3, ,4, 6 & 7 June | Tuesday-Friday<br>10-6.30 p.m. | Museum Campus |

Registration No. 32737/77

# NEHRU CHILDREN'S MUSEUM

# 46th SIT & DRAW ART CONTEST

**Open to children 5 to 16 years and Handicapped children 5 to 18 years**
(age as on 1st April 2019)

## Preliminary Contest at NEHRU CHILDREN'S MUSEUM

| Group | Subject | Date of Contest |
|---|---|---|
| **GREEN Group** 5 to 8 years | Garden/Boat Ride | 1st May 2019 |
| **WHITE Group** 8 years 1 day to 12 years | Zoo Visit/Diwali Festival | 1st May 2019 |
| **BLUE Group** 12 years 1 day to 16 years | Dhunuchi Nach/Carnival | 1st May 2019 |
| | **Handicapped children** | |
| **YELLOW Group** 5 years to 12 years | Rainy Day/Visit to the Hills | 1st May 2019 |
| **RED Group** 12 years 1 day to 18 years | Travelling in a Train/Kitchen Scene | 1st May 2019 |

## Preliminary Contest at CO OP BANQUET on 27th April 2019

1 min. away from Gariahat crossing Beside Bazaar Kolkata and Ekdalia crossing
for GREEN, WHITE, BLUE, YELLOW & RED GROUP

## Prizes for winners in each group will be as follows :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| First Prize | Certificate | + | Plaque | + | Rs. 1,200/- |
| Second Prize | Certificate | + | Plaque | + | Rs. 1,000/- |
| Third Prize | Certificate | + | Plaque | + | Rs. 750/- |
| Fourth Prize | Certificate | + | Plaque | + | Rs. 600/- |
| Fifth Prize | Certificate | + | Plaque | + | Rs. 400/- |

Consolation Prizes in the shape of Plaques and Certificates for candidates securing 6th to 10th Place in each Group

**Forms available @ Rs. 50/-**

**Admit Cards available at**

**NEHRU CHILDREN'S MUSEUM,** 94/1 Chowringhee Road, Kolkata 700 020,
Phone : 2223 3517 / 6878 / 1551 / 0424 / 4007 / 96745 73496 / 98366 65588
Except Mondays and Tuesdays

**MEELSELLS ADS,** 16/2 Gariahat Road, 1st Floor, Kolkata 700 019
Phone : 2460 4291 (open daily from 11 a.m. to 2 p.m. except Sunday)

&

LEKHAPARA, Balitikuri, Howrah, M.: 94335 32682



Editor : Prabal Dutta, Associate Editor : Indrani Sengupta, Published by Indrani Sengupta on behalf of National Cultural Association and printed at Display Printers Pvt. Ltd. 16/3 Gariahat Road, Kolkata 700 019.
Contact : 94/1 Chowringhee Road, Kolkata - 700 020, E-mail : nehrumuseum1972@gmail.com